ঢাকাসহ ১৫ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সংগৃহীত ছবি

অন্তর্বর্তীকালীন সরকার প্রশাসনে বড় পরিসরে রদবদল এনেছে। ঢাকাসহ দেশের ১৫ জেলায় জেলা প্রশাসক (ডিসি) পদে নতুন নিয়োগ ও বদলি করা হয়েছে। শনিবার (৮ নভেম্বর) রাতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হয়। এতে ছয়জন বর্তমান জেলা প্রশাসককে এক জেলা থেকে অন্য জেলায় বদলি করা হয়েছে এবং উপসচিব পদমর্যাদার নয়জন কর্মকর্তাকে নতুন করে ডিসি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, বরগুনার জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলমকে ঢাকায় পদায়ন করা হয়েছে। বাগেরহাটের ডিসি আহমেদ কামরুল হাসানকে নোয়াখালীতে, কুষ্টিয়ার আবু হাসনাত মোহাম্মদ আরেফীনকে হবিগঞ্জে, ভোলার মো. আজাদ জাহানকে গাজীপুরে, সিরাজগঞ্জের মুহাম্মদ নজরুল ইসলামকে গাইবান্ধায় এবং খুলনার মো. তৌফিকুর রহমানকে বগুড়ার জেলা প্রশাসক করা হয়েছে।

অন্যদিকে, নতুনভাবে নয়জন কর্মকর্তাকে জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। তাদের মধ্যে রয়েছেন সিলেট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সন্দীপ কুমার সিংহ, যিনি বরগুনার ডিসি হয়েছেন। বিএডিসির সচিব (উপসচিব) মো. আমিনুল ইসলাম সিরাজগঞ্জে দায়িত্ব পেয়েছেন। বাণিজ্য উপদেষ্টার একান্ত সচিব মো. আব্দুল্লাহ আল মাহমুদ মাগুরার ডিসি হয়েছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব আবু সাঈদ পিরোজপুরে পদায়ন পেয়েছেন। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের পাবনা জোনাল কর্মকর্তা আফরোজা আখতার সাতক্ষীরার ডিসি হয়েছেন। স্থানীয় সরকার ফেনীর উপপরিচালক (উপসচিব) গোলাম মো. বাতেন বাগেরহাটে, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর দপ্তরের একান্ত সচিব স. ম. জামশেদ খোন্দকার খুলনায়, রাজউকের পরিচালক মো. ইকবাল হোসেন কুষ্টিয়ায় এবং মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব শামীম রহমান ভোলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পেয়েছেন।

জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে, এই রদবদল ও নিয়োগের মাধ্যমে জেলা পর্যায়ের প্রশাসনিক কার্যক্রমে নতুন গতি আসবে এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সমন্বয় আরও জোরদার হবে। নতুন নিয়োগ পাওয়া কর্মকর্তারা দ্রুতই দায়িত্বভার গ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে।